

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় ভূ-সম্পত্তি কর্মকর্তার কার্যালয়
বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট।

নং: ৫৪.০১.৫২৫৫.৩৯৩.০৩.০০৩.১৮-৭৬৮

তারিখ: ১৭ আগস্ট ২০২৩ খ্রিঃ

উচ্ছেদের নোটিশ

এতদ্বারা জানানো যাচ্ছে যে, যেহেতু আপনি/আপনারা বাংলাদেশ রেলওয়ের মালিকানাধীন নিম্ন তফসিলবর্ণিত রেলভূমিতে কোন অনুমতি গ্রহণ ব্যতীত অবৈধভাবে সেমি পাকা/টিনসেড দোকান ঘর এবং বিভিন্ন ধরনের স্থাপনা নির্মাণ করে ব্যবসা-বাণিজ্যসহ অন্যান্য কার্যক্রম পরিচালনা করছেন এবং উক্ত রেলভূমি অবৈধভাবে দখলে রেখেছেন;

এবং যেহেতু বিভিন্ন সময়ে একাধিকবার বাধা/ঘর ও স্থাপনা নির্মাণ না করার নির্দেশনা প্রদান করা সত্ত্বেও আপনি/আপনারা উল্লিখিত রেলভূমি হতে অবৈধ দোকান ঘর/স্থাপনা অপসারণ না করে ব্যবসা-বাণিজ্যসহ অন্যান্য কার্যক্রম অব্যাহত রেখে অবৈধভাবে রেলভূমি দখল করে রেখেছেন;


এবং যেহেতু আপনারা রেলভূমিতে অবৈধ স্থাপনা নির্মাণ করে বাংলাদেশ রেলওয়ের অপারেশনাল কার্যক্রম ব্যাহত করা এবং রাজস্ব আদায়সহ অন্যান্য ক্ষতি সাধন করছেন;

সেহেতু আপনাদেরকে আগামী ২৬ আগস্ট ২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নতফসিল বর্ণিত রেলভূমি হতে অবৈধ ঘর/স্থাপনা অপসারণপূর্বক রেলভূমি খালি করে এর নিষ্কটক দখল এ বিভাগের সংশ্লিষ্ট কানুনগো/আমিন/ এসএসএই (কার্য)/এসএসএই (ওয়ে)- কে বুঝিয়ে দেয়ার জন্য নির্দেশ প্রদান করা হলো। ব্যর্থতায়, বিধি মোতাবেক আগামী ২৭ আগস্ট ২০২৩ খ্রিঃ তারিখ রেলভূমি হতে অবৈধ দোকান ঘর/স্থাপনা উচ্ছেদ করে আপনাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

০২। সরকারি এবং স্থানীয় কর্তৃপক্ষ ভূমি ও ইমারত (দখল পুনরুদ্ধার) অধ্যাদেশ, ১৯৭০ এর ধারা ৫(১) মোতাবেক এ নোটিশ জারী করা হলো।

রেলভূমির তফসিল

জেলা ও উপজেলা	স্টেশন	তফসিল	জমির পরিমাণ
জেলা: গাইবান্ধা উপজেলা: সাঘাটা	বোনারপাড়া	মৌজা: শিমুল তাইড়, জেএল নং: ১৬, এসএ খতিয়ান নং ০২, এসএ দাগ নং: ৩৫৩, ৩৩৮/অংশ	আনুমানিক ০.৫০ একর


(পূর্ণেন্দু দেব)

ডেপুটি কমিশনার (রেলওয়ে ল্যান্ডস এন্ড বিল্ডিংস)

ও

ডিভিশনাল এস্টেট অফিসার

বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট

অনুলিপি: সদয় অবগতি/কার্যার্থে

০১। জেলা প্রশাসক, গাইবান্ধা।

০২। চীফ এস্টেট অফিসার (পশ্চিম), বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী।

০৩। পুলিশ সুপার, গাইবান্ধা।

০৪। ডিভিশনাল রেলওয়ে ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট।

০৫। উপজেলা নির্বাহী অফিসার, সাঘাটা, গাইবান্ধা।


০৬। অফিসার ইন-চার্জ, সাঘাটা থানা, গাইবান্ধা।

০৭। অফিসার ইন-চার্জ, রেলওয়ে থানা, বোনারপাড়া।

০৮। ফিল্ড কানুনগো এবং আমীন, ০৩ নং কাচারী, গাইবান্ধা (তাদেরকে নোটিশটি জারী করাসহ মাইকিং করার জন্য অনুরোধ করা হলো)।

০৯। স্টেশন মাস্টার, বোনারপাড়া (তাকে উক্ত নোটিশের বিষয়ে স্টেশন এলাকায় মাইকিং করার জন্য অনুরোধ করা হলো)।

১০। অফিস কপি।


১৭.০৮.২০২৩